





বাংলা

ADDAPEDIA

Daily Current Affairs Encyclopedia

25 January 2024

West Bengal News

<p>ম্যাসকট 'টেনিদা'</p> 	<p>প্রসঙ্গ</p> <ul style="list-style-type: none">উত্তর কলকাতার জেলা নির্বাচনী অফিস সম্প্রতি তার ভোটের ম্যাসকট 'টেনিদা' উন্মোচন করেছে।এটি লোকসভা নির্বাচনের আগেই করা হয়েছে যা উক্ত এলাকার বাসিন্দাদের মধ্যে ভোট দেওয়ার বিষয়ে সচেতনতা তৈরি করতে ব্যবহার করা হবে।উত্তর কলকাতা মূলত কম ভোটিং শতাংশের জন্য পরিচিত। 2021 সালের বিধানসভা নির্বাচনে ভোট দেওয়ার নিরিখে এটি ছিল 60 শতাংশ এবং 2019 লোকসভার সময় তা ছিল 66 শতাংশ।
<p>জাতীয় ভোটার দিবস</p> 	<p>প্রসঙ্গ:</p> <ul style="list-style-type: none">ভারতীয় ভোটারদের নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণ করতে উৎসাহিত করার জন্য প্রতি বছর 25 জানুয়ারি ভারতে জাতীয় ভোটার দিবস পালন করা হয়।এটি যুব সম্প্রদায়কে নির্বাচনী প্রক্রিয়ায় অংশগ্রহণের জন্য উৎসাহিত করে। এর পাশাপাশি এটি ভোটাধিকারকে একটি মৌলিক অধিকার হিসেবেও প্রতিপন্ন করে।এই দিনটি ভারতের নির্বাচন কমিশনের প্রতিষ্ঠা দিবস হিসেবেও পরিচিত, যা প্রতিষ্ঠিত হয় 1950 সালের 25শে জানুয়ারী।এই বছর জাতীয় ভোটার দিবসের 14তম সংস্করণ উদযাপিত হল।থিম 2024 - 'ভোট দেওয়ার মতো গুরুত্বপূর্ণ আর অন্য কিছু নেই, আমি নিশ্চিত ভোট দিই' ('Nothing Like Voting, I Vote For Sure') <p>তুমি কি জানতে?</p> <ul style="list-style-type: none">2011 সালের 25শে জানুয়ারী প্রথম জাতীয় ভোটার দিবস পালিত হয়েছিল।
<p>লক্ষ্মীর ভান্ডার প্রকল্প</p>	<p>প্রসঙ্গ:</p> <p>13 লক্ষ মহিলা এই প্রকল্পের নতুন সুবিধাভোগী হতে চলেছেন।</p> <p>সম্পর্কিত:</p> <ul style="list-style-type: none">লক্ষ্মীর ভান্ডার প্রকল্প হল 2021 সালের ফেব্রুয়ারিতে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক চালু করা একটি ক্ল্যাগশিপ প্রোগ্রাম।এই প্রকল্পটি সমাজের অর্থনৈতিকভাবে দুর্বল অংশের মহিলাদের আর্থিক সহায়তা প্রদানের জন্য চালু করা হয়েছিল। এই প্রকল্পের অধীনে 25-60 বছর বয়সী মহিলাদের ক্ষমতায়ন ঘটাতে এবং 'স্বাস্থ্য সাথী'-তে নাম নথিভুক্ত করা তফসিলি জাতি / তফসিলি উপজাতি (SC/ST) পরিবারের মহিলাদের জন্যে মাসে 1000 টাকা এবং অন্যান্যদের প্রতি মাসে 500 টাকা প্রদান করে।এই স্কিমের লক্ষ্য হল মহিলাদের ক্ষমতায়ন এবং তাদের প্রয়োজনীয় জিনিসপত্র কেনা এবং পরিষেবাগুলি লাভের জন্য এককালীন অনুদান প্রদান করে তাদের আর্থিকভাবে স্বাবলম্বী করা।
<p>547টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন মুখ্যমন্ত্রী</p>	<p>প্রসঙ্গ</p>



বাংলা

ADDAPEDIA

Daily Current Affairs Encyclopedia

- মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সম্প্রতি ঘোষণা করেছেন যে ছয়টি সরকারি প্রকল্পের নতুন প্রাপকদের মধ্যে লক্ষাধিক নতুন সুবিধাভোগীকে অন্তর্ভুক্ত করা হয়েছে।
- মুখ্যমন্ত্রী পূর্ব ও পশ্চিম বর্ধমান- এই দুই জেলায় 837 কোটি টাকার 547টি প্রকল্পের ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন। এর পাশাপাশি তিনি 365.45 কোটি টাকার বিনিয়োগসহ 491টি প্রকল্পের উদ্বোধনও করেন।

Copyright © by Adda247

All rights are reserved. No part of this document may be reproduced, stored in a retrieval system, or transmitted in any form or by any means, electronic, mechanical, photocopying, recording, or otherwise, without prior permission of Adda247.